একই নম্বর ও তারিখের স্থলাভিষিক্ত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
প্রশাসন শাখা-০২
www.rdcd.gov.bd

নম্বর: ৪৭.০০.০০০০.০০০.০৩২.২৭.০০৫.২৪.৩৮৬

০৭ আষাঢ় ১৪৩৩
তারিখ:----------
২১ জুন ২০২৬

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব মোঃ আবুল খায়ের, উপনিবন্ধক, সমবায় অধিদপ্তর, ঢাকা এর বিরুদ্ধে সরকারের পূর্বানুমতি ব্যতিরেকে পুঁজিবাজারে বিনিয়োগ করার অভিযোগ পাওয়া গেছে। পুঁজিবাজারে বিভিন্ন কোম্পানির শেয়ার লেনদেনে কারসাজি করার ফলে পুঁজিবাজারের সাধারণ বিনিয়োগকারীগণ ক্ষতিগ্রস্ত হয়েছেন, এবং এ কারসাজির ফলে তাকে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) কর্তৃক BSEC/Enforcement/3339/2022/1420, Dated October 30, 2022, BSEC/Enforcement/3349/2022/285, Dated March 21, 2024, BSEC/ Enforcement/3567/2023 আদেশে যথাক্রমে ১.৫০ কোটি, ২০ লক্ষ ও ২৫ লক্ষ টাকা অর্থদণ্ডে দন্ড প্রদান করা হয়েছে;

০২। যেহেতু, তার বিরুদ্ধে মানিলন্ডারিংয়েরও আভিযোগ রয়েছে। তার নিজের ও পরিবারের সদস্যদের ব্যাংক হিসাব বিএফআইইউ কর্তৃক তলব করা হয়েছে মর্মে অনলাইন "শেয়ার নিউজ" পত্রিকায় সংবাদ প্রকাশিত হয়েছে;

০৩। যেহেতু, তিনি পুঁজিবাজারে বিনিয়োগ করার বিষয়ে সরকারের কোনো পূর্বানুমতি গ্রহণ না করে সরকারি কর্মচারী (আচরণ) বিধিমালা, ১৯৭৯ এর ১৫ ও ১৭ বিধি লংঘন করেছেন;

০৪। যেহেতু, তিনি ঢাকার বনানীতে ফ্ল্যাট ক্রয়ের পূর্বে সরকারের পূর্বানুমতি গ্রহণ না করে সরকারি কর্মচারী (আচরণ) বিধিমালা, ১৯৭৯ এর ১২ বিধি লংঘন করেছেন;

০৫। যেহেতু, তার উপরোক্ত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' (Misconduct)-এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ। তাই তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজুপূর্বক কারণ দর্শানো নোটিশ জারি এবং ১০ (দশ) কর্মদিবসের মধ্যে জবাব দাখিলের জন্য নির্দেশ প্রদান করা হলে তিনি বিগত ১৭.১১.২০২৪ তারিখে জবাব দাখিল করে ব্যক্তিগত শুনানি প্রার্থনা করেন;

০৬। যেহেতু, উক্ত বিভাগীয় মামলায় ২০.০১.২০২৫ তারিখ ব্যক্তিগত শুনানিকালে জনাব মোঃ আবুল খায়ের-এর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহের বিষয়ে উপস্থাপিত মৌখিক বক্তব্য, রেকর্ডপত্র এবং দাখিলকৃত জবাব পর্যালোচনায় সন্তোষজনক বিবেচিত না হওয়ায় আনীত অভিযোগসমূহ তদন্ত করার জন্য ড. মোঃ গোলাম মোস্তফা, উপসচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে সরকারের পূর্বানুমোদন গ্রহণ ব্যতীত জনাব মোঃ আবুল খায়েরের পুঁজিবাজারে বিনিয়োগ এবং বাংলাদেশ সিকিউরিটি এন্ড এক্সচেঞ্জ কমিশন কর্তৃক অর্থ দন্ডের বিষয়টি সুস্পষ্ট মর্মে উল্লেখ রয়েছে। উক্ত তদন্ত প্রতিবেদনের আলোকে পুনরায় ০৯.০৪.২০২৬ শুনানি গ্রহণ করা হয়;

০৭। যেহেতু, ০৯.০৪.২০২৬ তারিখ ব্যক্তিগত শুনানিকালে জনাব মোঃ আবুল খায়ের-এর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহের বিষয়ে উপস্থাপিত মৌখিক বক্তব্য, রেকর্ডপত্র এবং দাখিলকৃত জবাব পর্যালোচনা করা হয়। সার্বিক পর্যালোচনায় সরকারের পূর্বানুমতি না নিয়ে তিনি পুঁজিবাজারে বিনিয়োগ করেছেন যা সরকারি কর্মচারী (আচরণ) বিধিমালা, ১৯৭৯ এর ১৫ ও ১৭ বিধির সুস্পষ্ট লংঘন এবং ঢাকার বনানীতে ফ্ল্যাট ক্রয়ের পূর্বে সরকারের পূর্বানুমতি গ্রহণ না করে সরকারি কর্মচারী (আচরণ) বিধিমালা, ১৯৭৯ এর ১২ বিধি লংঘন করেছেন। তিনি বাংলাদেশ সিকিউরিটি এন্ড এক্সচেঞ্জ কমিশন কর্তৃক দন্ডপ্রাপ্ত হয়েছেন এবং উভয় বিষয়েই তদন্ত কর্মকর্তার তদন্ত প্রতিবেদনে সুস্পষ্টভাবে উল্লেখ রয়েছে।

চলমান পাতা-০২

০৮। সেহেতু, ব্যক্তিগত শুনানিঅন্তে তদন্ত প্রতিবেদন, বিভাগীয় মামলার অভিযোগ, দাখিলকৃত জবাব, উভয় পক্ষের বক্তব্য, বিভাগীয় মামলা সংশ্লিষ্ট নথি এবং অন্যান্য কাগজপত্রসহ প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনায় অভিযুক্ত কর্মকর্তার জবাব সন্তোষজনক বিবেচিত না হওয়ায় জনাব মোঃ আবুল খায়ের, উপনিবন্ধক, সমবায় অধিদপ্তর, ঢাকা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী 'অসদাচরণ' (Misconduct)-এর অভিযোগে দোষী সাব্যস্ত করে অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক সকল বিষয় বিবেচনায় একই বিধিমালার ৪(২)(ঘ) বিধি মোতাবেক ০৩ (তিন) বছরের জন্য **'বেতন গ্রেডের নিম্নতর ধাপে অবনমিতকরণ'** লঘুদন্ড প্রদান করা হলো। দন্ডের মেয়াদকালে তিনি জাতীয় বেতন স্কেল, ২০১৫-এর গ্রেড-৬ (৩৫৫০০-৬৭০১০/-) এর ৩৫৫০০/- টাকার ধাপে বেতন প্রাপ্য হবেন। তিনি ভবিষ্যতে উক্ত মেয়াদের কোন বকেয়া প্রাপ্য হবেন না এবং উক্ত মেয়াদ বেতন বৃদ্ধির জন্য গণনা করা যাবে না। একই সাথে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ কর্তৃক জারিকৃত ০৫.০১.২০২৫ তারিখের সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার করা হলো। তার সাময়িক বরখাস্তকাল 'অসাধারণ ছুটি' হিসেবে গণ্য হবে।

০৯। **এ আদেশ ২১.০৬.২০২৬ তারিখ হতে কার্যকর হবে।**

রাষ্ট্রপতির আদেশক্রমে,

২৮/০৭/২৫

(মোহাং শওকত রশীদ চৌধুরী)
সচিব

নম্বর: ৪৭.০০.০০০০.০০০.০৩২.২৭.০০৫.২৪.৩৮৬/১(১০)

০৭ আষাঢ় ১৪৩৩
তারিখ:----------
২১ জুন ২০২৬

সদয় জ্ঞাতার্থে এবং কার্যার্থে প্রেরণ করা হলো:

১। নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২। যুগ্মসচিব (প্রশাসন ও বাজেট), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।
৪। সচিবের একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। চিফ অ্যাকাউন্টস অ্যান্ড ফিন্যান্স অফিসার, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।
৬। জনাব মোঃ আবুল খায়ের, উপনিবন্ধক, সমবায় অধিদপ্তর, ঢাকা।
৭। সিস্টেম অ্যানালিস্ট, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।**
৮। অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট) এর ব্যক্তিগত কর্মকর্তা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯। অফিস কপি/মাস্টার কপি।

২৮/০৭/২৫

(মোহাং শওকত রশীদ চৌধুরী)
সচিব